

**১৯-০৩-২০১৮ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ সমবায় ব্যাংক এর
ব্যবস্থাপনা কমিটির ৩০.৩৬নং সভার ০৯নং সিদ্ধান্তের অনুলিপি।**

বিষয়সূচি-০৯: FDR (স্থায়ী আমানত) ও DPS (ডিপোজিট পেনশন স্কিম) এর মুনাফার হার নির্ধারণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ:

আলোচনা-০৯.১: দেশের অন্যান্য বানিজ্যিক ব্যাংক সমূহে তাদের তারল্য (Liquidity) ও বিনিয়োগ (Investment) এর সাথে সামঞ্জস্য রেখে FDR (স্থায়ী আমানত) ও DPS (ডিপোজিট পেনশন স্কিম) এর মুনাফার হার সময় সময় হ্রাস-বৃদ্ধি করে থাকে। তদরূপ বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ ও অন্যান্য বানিজ্যিক ব্যাংকের সাথে সামঞ্জস্য রেখে তারল্য বৃদ্ধির লক্ষ্যে আমানত কারীগণের FDR (স্থায়ী আমানত) ও DPS (ডিপোজিট পেনশন স্কিম) এর উপর মুনাফার হার সময় সময় হ্রাস বৃদ্ধি করবে। নিম্নে কয়েকটি বেসরকারী বানিজ্যিক ব্যাংকের FDR ও DPS এর তথ্য তুলে ধরা হলো।

এন.সি.সি. ব্যাংক লিঃ এর FDR এর মুনাফার হারের তথ্য

| | |
|---------------------------------------|------------------|
| ১ মাস মেয়াদী | ৭% |
| ৩ মাস মেয়াদী (এক কোটি টাকার উপরে) | ৮.৫০% হতে ৯.৫০% |
| ৬ মাস মেয়াদী (এক কোটি টাকা পর্যন্ত) | ৭.৫০% হতে ৯.৫০% |
| ৬ মাস মেয়াদী (এক কোটি টাকার উপরে) | ৮.৫০% হতে ৯.৫০% |
| ১২ মাস মেয়াদী (এক কোটি টাকা পর্যন্ত) | ৭.৫০% হতে ৯.৫০% |
| ১২ মাস মেয়াদী (এক কোটি টাকার উপরে) | ৮.৫০% হতে ৯.৫০%। |

ফাস্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ FDR এর মুনাফার তথ্য

| | |
|----------------|-------------|
| ১ মাস মেয়াদী | ৪% (+/-) |
| ৩ মাস মেয়াদী | ৮.৫০% (+/-) |
| ৬ মাস মেয়াদী | ৭.০০% (+/-) |
| ১২ মাস মেয়াদী | ৯.০০% (+/-) |

অগ্রণী ব্যাংক লিঃ FDR এর মুনাফার তথ্য

| | |
|----------------|-------|
| ৩ মাস মেয়াদী | ৫.০০% |
| ৬ মাস মেয়াদী | ৫.২৫% |
| ১২ মাস মেয়াদী | ৫.৫০% |

অগ্রণী ব্যাংক লিঃ DPS এর মুনাফার তথ্য

| | |
|----------------|-------|
| ৫ বছর মেয়াদী | ৬.০০% |
| ১০ বছর মেয়াদী | ৭.০০% |

নিম্নে বর্তমানে বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর FDR এর মুনাফার তথ্য

| | |
|-------------------|-------|
| ৩ মাস মেয়াদী | ৮% |
| ৬ মাস মেয়াদী | ৮.২৫% |
| ১২ মাস বা তদুর্ধে | ৮.৫০% |

নিম্নে বর্তমানে বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর DPS এর মুনাফার তথ্য

| | |
|----------------|-------|
| ৩ বছর মেয়াদী | ৭% |
| ৫ বছর মেয়াদী | ৮.২৫% |
| ৭ বছর মেয়াদী | ৮.৫০% |
| ১০ বছর মেয়াদী | ৯.০০% |

উপরোক্ত তথ্য সমূহ পর্যালোচনা করে বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর FDR ও DPS এর মুনাফার হার নিম্নরূপ নির্ধারণ করার জন্য প্রস্তাব করা হলো।

ক) FDR এর মুনাফার হার

| | |
|-------------------|-------|
| ৩ মাস মেয়াদী | ৮.৫০% |
| ৬ মাস মেয়াদী | ৯.০০% |
| ১২ মাস বা তদুর্ধে | ৯.৫০% |



খ) DPS এর মুনাফার হার

| | |
|----------------|--------|
| ৩ বছর মেয়াদী | ৮% |
| ৫ বছর মেয়াদী | ৮.৫০% |
| ৭ বছর মেয়াদী | ৯.০০% |
| ১০ বছর মেয়াদী | ১০.০০% |

উপরে উল্লেখিত বিষয়টি ব্যাংকের ব্যবসায়িক স্বার্থে অন্যান্য বানিজ্যিক ব্যাংকের সাথে সামঞ্জস্য রেখে গ্রাহকগণকে FDR (স্থায়ী আমানত) ও DPS (ডিপোজিট পেনশন স্কিম) এর মুনাফা প্রদানের ক্ষেত্রে ব্যাংকের মহাব্যবস্থাপক কে ব্যবস্থাপনা কমিটির পক্ষে থেকে ক্ষমতা প্রদান করতে পারে বিষয়টি বিবেচনার জন্য ব্যবস্থাপনা সভায় উপস্থাপন করা যেতে পারে। এ বিষয়ে ব্যাংকিং ও হিসাব বিভাগ জিএম মহোদয়কে সর্বাঙ্গীন সহায়তা প্রদান করবে। উক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নরূপভাবে মুনাফার হার নির্ধারণের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

সিদ্ধান্ত-০৯.২: বর্তমানে FDR (স্থায়ী আমানত) ও DPS (ডিপোজিট পেনশন স্কিম) এর মুনাফার হার অন্যান্য বানিজ্যিক ব্যাংকে বেশী থাকায় এ ব্যাংকের তারল্য (Liquidity) বৃদ্ধির লক্ষ্যে FDR (স্থায়ী আমানত) ও DPS (ডিপোজিট পেনশন স্কিম) এর মুনাফার হার নিম্নরূপভাবে পুনঃ নির্ধারণ করার বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক) FDR (স্থায়ী আমানত) এর মুনাফার হার

| | |
|-------------------|--------|
| ৩ মাস মেয়াদী | ৯.০০% |
| ৬ মাস মেয়াদী | ৯.৫০% |
| ১২ মাস বা তদুর্ধে | ১০.০০% |

খ) DPS (ডিপোজিট পেনশন স্কিম) এর মুনাফার হার

| | |
|----------------|--------|
| ৩ বছর মেয়াদী | ৮% |
| ৫ বছর মেয়াদী | ৮.৭৫% |
| ৭ বছর মেয়াদী | ৯.৫০% |
| ১০ বছর মেয়াদী | ১০.০০% |

উপরে উল্লেখিত বিষয়গুলোর মুনাফার হার অন্যান্য বানিজ্যিক ব্যাংকের সাথে সামঞ্জস্য রেখে মহাব্যবস্থাপক মহোদয় ব্যাংকের সভাপতির অনুমোদনক্রমে FDR (স্থায়ী আমানত) ও DPS (ডিপোজিট পেনশন স্কিম) এর উপর বলবৎকৃত মুনাফার ১% পর্যন্ত বৃদ্ধি করতে বা কমাতে পারবেন মর্মে মহাব্যবস্থাপক কে ক্ষমতা প্রদান করা হলো। এ বিষয়ে ব্যাংকিং ও হিসাব বিভাগ জিএম মহোদয়কে সর্বাঙ্গিক সহায়তা প্রদান করবে।

বাস্তবায়ন-০৯.৩: হিসাব বিভাগ।

স্বাঃ/-

(মহিউদ্দিন আহমেদ)

সভাপতি

